দৈনিক ইত্তেফাক

তারিখ AUG 19 1999
পৃষ্ঠা কলাম

57

## এইচএসসি পরীক্ষার ফল

## আগামী সপ্তাহে

ইত্তেফাক রিপোর্ট ॥ ইতিপূর্বে সিদ্ধান্ত নেওয়া হইলেও আজ (বৃহস্পতিবার) দেশের ৫টি শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষার ফলাফল প্রকাশিত হইবে না। একটি বোর্ডের নম্বরপত্র সংক্রান্ত কার্যাদি সমাধা করিতে বিলম্ব ঘটায় পরীক্ষার ফলাফল প্রকাশের ক্ষেত্রেও বিলম্ব ঘটিল। ঢাকা বোর্ডের চেয়ারম্যান এটিএম শরীফুল্লাহর নেতৃত্বে গতকাল সকল শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রক ও উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দের এক যৌথ সভা অনুষ্ঠিত হয়। সভাশেষে ঢাকা বোর্ডের চেয়ারম্যান বলেন, ২৬শে আগস্ট ফলাফল প্রকাশের ব্যাপারে সকল প্রস্তুতি সম্পন্ন করা হইয়াছে। এমনও হইতে পারে, ২২শে আগস্ট হইতে ২৬শে আগস্টের মধ্যে যে কোন দিন এই পরীক্ষার ফলাফল প্রকাশ হইবে। তবে পূর্বেই বেতার, টিভি ও সংবাদপত্রসমূহে সঠিক তারিখ জানাইয়া দেওয়া হইবে।